গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০২০.১১.০০২.২৫-২০৪

তারিখ: ২২ শ্রাবণ, ১৪৩৩ / ০৬ আগস্ট, ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৮-১২-২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৭৪৬.২০২৪-২৯৩ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত ৩৫,৫০০-৬৭,০১০/= টাকা বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এ নন-ক্যাডার ১ম শ্রেণির 'প্রোগ্রামার' পদে নিম্নে উল্লিখিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	রেজিস্ট্রেশন নং
১.	জনাব মো: রাশেদুল ইসলাম পিতা-মো: বজলুর রশিদ গ্রাম-জগদীশপুর, ডাকঘর-ভূটিয়াপাড়া, উপজেলা-জয়পুরহাট সদর, জেলা-জয়পুরহাট।	ফ্ল্যাট নং A4, বেল্লাল টাওয়ার, হোল্ডিং নং-০২০৩-০৫, ওয়ার্ড নং-০৬, বাঘা রোড, চারঘাট পৌরসভা, চারঘাট-৬২৭০, রাজশাহী।	০০০২০০

শর্তসমূহ:

(ক) বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তাঁর চাকুরি শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তাঁর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবে;

(খ) যদি এই শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে সরকার কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;

(গ) বর্ণিত পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হলে তাঁর চাকুরি স্থায়ী করা হবে;

(ঘ) এই প্রজ্ঞাপনে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণিতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ঙ) **আগামী ০৫-০৯-২০২৬ তারিখের মধ্যে** অফিস চলাকালীন সময়ে চাকরিতে যোগদান করতে হবে। নির্দিষ্ট সময়ে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকুরিতে যোগদানে ইচ্ছুক নন মর্মে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

(চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ছ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(জ) প্রোগ্রামার পদে সুপারিশকৃত প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

০২। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০৬/০৮/২০২৬
(মোহাম্মদ মাসুম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

CamScanner